অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 10/22/2021 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল প্রাক্তন কারাবন্দী নিউ ইয়র্কবাসীকে দ্বিতীয় সুযোগ দেওয়া, অপরাধ প্রবণতা হ্রাস এবং জননিরাপত্তা উন্নত করার জন্য ক্রিমিনাল জাস্টিস রিফর্ম আইনে স্বাক্ষর করলেন

আইন (S.294-A/A.2573-A) পূর্বে গুরু পাপে দণ্ডিত ব্যক্তিরা কোনো এস্টেটের জিম্মাদার হিসেবে কাজ করার অনুমতি প্রদান করে

আইন (S.2803/A.5707) ব্যক্তিদের প্যারোল লঙ্ঘন না করে বোনা ফাইড কাজ করার অনুমতি প্রদান করে

আইন (S.2630/A.5549) মেয়াদের পূর্বে মুক্তির সময়ে ভালো আচরণের সনদ প্রদানের অনুমতি প্রদান করে

আইন (S.2801-A/A.5705-A) তত্ত্বাবধানে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের শ্রমিক-অবস্থা সংক্রান্ত প্রতিবাদ কাজ করার অনুমতি প্রদান করে

গভর্নর ক্যাথি হোকল আজকে ক্রিমিনাল জাস্টিস রিফর্মের একগুচ্ছ বিধিকে আইন হিসেবে স্বাক্ষর করেছেন যাতে প্রাক্তন কারাবন্দী নিউ ইয়র্কবাসীদের দ্বিতীয় সুযোগ দেওয়া, অপরাধ প্রবণতা হ্রাস এবং জননিরাপত্তা উন্নত করা যায়। আইনটি প্রাক্তন গুরুপাপে দণ্ডিত ব্যক্তি কোনো এস্টেটের জিম্মাদার হিসেবে কাজ করতে দেয় এবং প্রাক্তন কারাবন্দী ব্যক্তিদের প্যারোল লঙ্ঘন না করে বোনা ফাইড কাজ করার অনুমতি প্রদান করে। এছাড়াও এটি মেয়াদের পূর্বে মুক্তির সময়ে ভালো আচরণের সনদ প্রদানের অনুমতি প্রদান করে এবং বিভিন্ন ধরনের তত্ত্বাবধানে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের শ্রমিক-অবস্থা সংক্রান্ত প্রতিবাদ কাজ করার অনুমতি প্রদান করে।

আইনের এই অংশগুলি জননিরাপত্তার একটি ভারসাম্যপূর্ণ উপায় গ্রহণে গভর্নর হোকলের দর্শনের, যা ক্রিমিনাল জাস্টিস সিস্টেমে ন্যায্যতা বলবান করবে এবং একইসাথে নিউ ইয়র্কের সড়কগুলিকে নিরাপদ রাখবে, ভিত্তিতে তৈরি। এগুলি পুনরায় তাদের সম্প্রদায়ে যোগদানকারী প্রাক্তন কারাবন্দী নিউ ইয়র্কবাসীর অর্থনৈতিক ও সামাজিক সুযোগ বৃদ্ধি করে এবং একটি আরো ন্যায্য ক্রিমিনাল জাস্টিস সিস্টেমের ব্যবস্থা করে। এছাড়াও গভর্নরের উপায়ে স্টেট ও স্থানীয় এজেন্সিগুলি যাতে নিরাপদে ও কার্যকরভাবে আইনটি প্রয়োগ করতে পারে তা নিশ্চিত করার ব্যবস্থা অন্তর্ভুক্ত।

"অনেক দীর্ঘ সময় ধরে, আমাদের ক্রিমিনাল জাস্টিস সিস্টেম প্রাক্তন কারাবন্দী ব্যক্তিদের মৌলিক অধিকার ছিনিয়ে নিয়েছে--বিশেষ করে অশ্বেতাঙ্গদের--সমাজের প্রতি তাদের ঋণ পরিশোধিত হওয়ার পরেও," **গভর্নর হোকল বলেন।** "বিধির এই গুচ্ছ নিউ ইয়র্কের ক্রিমিনাল জাস্টিস সিস্টেম যাতে সবার সাথে ন্যায়বিচার করে এবং একইসাথে আমাদের এলাকাগুলির নিরাপত্তা উন্নত করে তা নিশ্চিত করার দিকে একটি ইতিবাচক পদক্ষেপ। একটি নিরাপদ স্টেটের ব্যবস্থা করা এবং একইসাথে প্রাক্তন কারাবন্দী নিউ ইয়র্কবাসীদের একটি দ্বিতীয় সুযোগ প্রদান করা আমাদের জন্য অতি গুরুত্বপূর্ণ।"

প্রাক্তন গুরুপাপে দণ্ডিত ব্যক্তি কোনো এস্টেটের জিম্মাদার হিসেবে কাজ করার অনুমতি প্রদান (S.294-A/A.2573-A)
আইনটির ফলে গুরুপাপে দণ্ডিত নিউ ইয়র্কবাসী পূর্ণ সাজা কাটানোর পর কোনো পারিবারিক এস্টেটের নির্বাহক হিসেবে দায়িত্ব পালন করতে পারবে। পূর্বে, আইন অনুযায়ী গুরুপাপে দণ্ডিত কেউ কোনো এস্টেটের জিম্মাদার হিসেবে কাজ করতে পারতো না, এমনকি যদি সেই ব্যক্তিকে কোনো মৃত পিতামাতা বা পরিবারের সদস্যের উইল করে এস্টেটের নির্বাহক পদ প্রদান করে তাহলেও না। আইনটি দ্বারা কোর্ট এখনো বিশেষ ক্ষেত্রে কোনো ব্যক্তির জিম্মাদার হওয়া আটকে দিতে পারবে যদি পূর্বের দণ্ড কোনো জালিয়াতি বা তসরুফ সংক্রান্ত ব্যাপারে হয়ে থাকে, বা যদি অপরাধটি স্টেটের কল্যাণের বিরোধী হয়ে থাকে।

সিনেটর জেলনর মাইরি বলেন, "পরিবার তাদের সর্বাধিক ব্যক্তিগত আর্থিক কাজে জিম্মাদার নির্বাচিত করে এবং তাদের নিজেদের পছন্দ অনুযায়ী জিম্মাদার বা ট্রাস্টি বাছাই করার অধিকার রয়েছে, অপরাধ দণ্ডের ইতিহাস যাই হোক না কেন। মানুষকে- তাদের রেকর্ডে যাই থাকুক না কেন- জরুরি পারিবারিক সিদ্ধান্তের ক্ষেত্রে বিশ্বাস করার মাধ্যমে, আমরা আমাদের সম্প্রদায়ে তাদের পুনরায় যোগদানের ক্ষেত্রে সাহায্য করছি। আমি কৃতজ্ঞ যে গভর্নর হোকল বিলটি স্বাক্ষর করেছেন এবং প্রাক্তন কারাবন্দী নিউ ইয়র্কবাসী ও তাদের পরিবারের সামাজিক ও আর্থিক সুযোগ সম্প্রসারণে ব্যবস্থা নিচ্ছেন।"

অ্যাসেম্বলিমেম্বার চার্লস ডি. ফল বলেন, "আমি আমার (A.2573-A) বিলকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য এবং অতীতে বিবেচনা না করে নিউ ইয়র্কবাসীরা তাদের নিজেদের এস্টেটের জিম্মাদার নিজেরা বাছাই করতে পারবে তার স্বীকৃতি প্রদানের জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাতে চাই তাদের এস্টেটের ব্যাপারে চূড়ান্ত করার সময়, পূর্বের অপরাধ রেকর্ড শোকার্ত পরিবারের সিদ্ধান্ত গ্রহণের একটি অংশ হতে পারে না।"

প্যারোল লঙ্ঘন না করে বোনা ফাইড কাজের অনুমতি (S.2803/A.5707)
আইনটির ফলে পুনরায় প্রবেশকৃত কর্মীরা প্যারোল লঙ্ঘন না করে বোনা ফাইড কাজ করতে পারবে, যেমন ওভারটাইম বা রাতের শিফট। পুনরায় প্রবেশ করা কর্মীরা বোনা ফাইড কাজে নিযুক্ত হলে বা কারফিউয়ের সময় ভ্রমণ করলে তা প্যারোল লঙ্ঘন হিসেবে বিবেচনা করা হবে না।

তত্ত্বাবধানে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের শ্রমিক-অবস্থা সংক্রান্ত প্রতিবাদ কাজ করার অনুমতি প্রদান করে (S.2801-A/A.5705-A)
আইনটি বিভিন্ন ধরনের তত্ত্বাবধানে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের শ্রমিক-অবস্থা সংক্রান্ত প্রতিবাদ কাজ করার অনুমতি প্রদান করে। এই আইন স্বাক্ষরের পূর্বে, এমন কোনো আইন বিদ্যমান ছিল না যা তত্ত্বাবধানে মুক্তিপ্রাপ্ত ব্যক্তিদের শ্রমিক-অবস্থা সংক্রান্ত প্রতিবাদ কাজ করার অধিকার রক্ষা করতো।

সিনেটর জামাল বেইলি বলেন, "বিচার-প্রভাবিত কর্মী এবং সর্বস্তরের কর্মজীবী নিউ ইয়র্কবাসীর জন্য এটি একটি দুর্দান্ত জয় এবং আমাদের শ্রম অংশীদার, যারা এই বিলসমূহ পাশ করানো জন্য নিরলস লড়াই করেছে, তাদের অবিচল সমর্থন ছাড়া এর কিছুই সম্ভব হত না। দেশে-প্রথম এমন আইন পুনরায় প্রবেশের ক্ষেত্রে উল্লেখযোগ্য প্রতিবন্ধকতা অপসারণ করবে এবং প্রতিবাদ করার অধিকার প্রসারিত করবে, নিশ্চিত করবে যে প্রাক্তন কারাবন্দী কর্মীরা যাতে প্যারোল লঙ্ঘনের ভয় ছাড়াই মুক্তভাবে শ্রম প্রতিবাদে এবং বোনা ফাইড কাজে অংশগ্রহণ করতে পারে। এইসব বিল স্বাক্ষরের মধ্য দিয়ে, নিউ ইয়র্ক বিচার-প্রভাবিত কর্মীদের সুরক্ষা মজবুত করতে এবং অপরাধ প্রবণতা ও শোষণমূলক শ্রমের চক্র শেষ করতে দেশকে নেতৃত্ব দিচ্ছে। আইনটি ব্যক্তিদের তাদের সম্প্রদায়ে ফেরত গিয়ে কর্মক্ষেত্রে অর্থপূর্ণভাবে পুনরায় প্রবেশ করতে দিবে, কারাদণ্ডের কলঙ্ক কাটিয়ে তুলতে দিবে, এবং ন্যায্য শ্রমিক মানদণ্ড ও নিরাপদ, মানসম্পন্ন চাকরির লড়াইয়ে তাদের অবদান রাখতে পারবে। আমি গভর্নর হোকল এবং সিনেটের সংখ্যাগরিষ্ঠ নেতা অ্যান্ড্রিয়া স্টুয়ার্ট-কাজিন্স, অ্যাসেম্বলি স্পিকার কার্ল হিস্টি, অ্যাসেম্বলিমেম্বার লাটোয়া জয়নারকে এই আইন অ্যাসেম্বলিতে নিয়ে যাওয়ার জন্য, উভয় হাউজে আমার সহকর্মীবৃন্দ, এবং আমাদের শ্রম অংশীদার যারা সকল কর্মজীবী মানুষের পক্ষে ওকালতি করে গেছে তাদের ধন্যবাদ জানাতে চাই। "

অ্যাসেম্বলিমেম্বার লাটয়া জয়নার বলেন, "চাকরি লাভের প্রতিবন্ধকতা হ্রাস করে কারাদণ্ড প্রাপ্ত ব্যক্তিদের আমাদের সম্প্রদায়ে পুনরায় প্রবেশ করতে স্বাগত জানানো একটি সঠিক কাজ," অ্যাসেম্বলিমেম্বার লাটোয়া জয়নার বলেন। "এটি জীবন পুনর্গঠন ও আমাদের স্টেটে ন্যায্যতা উন্নত করতে নিউ ইয়র্কের বিনিয়োগ জোরদার করবে। শ্রম অংশীদার এবং সামাজিক ন্যায়বিচার সম্প্রদায়গুলির সাথে কাজ করে এই বিধি প্রস্তুত করা হয়েছে যাতে যারা সক্রিয়ভাবে নিজেদের জীবন বদলে দেওয়ার চেষ্টা করছে তাদের জন্য সুযোগের দরজা খুলে দেওয়া এবং প্রতিবন্ধকতা অপসারণ করে দেওয়া যা বিচার-প্রভাবিত কর্মীদের জন্য বিপর্যয়কর প্রভাব ফেলে। আমি ধন্যবাদ জানাতে সকল অংশীদারকে চাই যারা কার্যকরভাবে এই আইনের পক্ষে ওকালতি করেছেন, এবং উদ্যোগটি সমর্থন করার জন্য সরকারে আমার অংশীদার স্পিকার হিস্টি ও সিনেটর বেইলিকে। ধন্যবাদ গভর্নর হোকল এই বিধিকে আইন হিসেবে স্বাক্ষর করার জন্য - একসাথে আমরা অগণিত জীবনে পরিবর্তন এনে দিচ্ছি।"

মেয়াদের পূর্বে মুক্তির সময়ে ভালো আচরণের সনদ প্রদান (S.2630/A.5549)
আইনটি নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ কারেকশন্স অ্যান্ড কমিউনিটি সুপারভিশন (New York State Department of Corrections and Community Supervision) কর্তৃক ইস্যুকৃত সনদ লাভের প্রক্রিয়াকে সহজ করে, যা প্রাক্তন কারাবন্দী ব্যক্তিদের এটি প্রদর্শন করতে সাহায্য করে যে তারা কারাগার থেকে ছাড়া পাওয়ার আর কোনো অপরাধ করেনি। তত্ত্বাবধায়কেরা এখন

মেয়াদের পূর্বে মুক্তির ক্ষেত্রে ভালো ব্যবহারের জন্য সনদ প্রদান করতে পারবে। সনদ সম্ভাব্য চাকরিদাতা, বাড়িওয়ালা, এবং অন্যান্যদের প্রদর্শন করা যাবে এবং এছাড়াও ভোটাধিকার পুনঃস্থাপিত হয়েছে তার প্রমাণ হিসেবে স্থানীয় নির্বাচন বোর্ডকে দেখানো যাবে। পূর্বে, প্রাক্তন কারাবন্দীদের মুক্তিলাভের পর সনদের আবেদন করার জন্য তিন থেকে পাঁচ বছর অপেক্ষা করতে হতো। এছাড়াও তাদের প্রায়ই তদন্তের সম্মুখীন হতে হতো কারণ তাদের তত্ত্বাবধান সম্পূর্ণ হয়েছে এবং তারা নিয়মিত আর প্যারোল অফিসারের কাছে প্রতিবেদন করে না।

সিনেটর জেমস স্যান্ডার্স জুনিয়র বলেন, "আইন হিসেবে প্রতিষ্ঠিত হওয়ার ফলে, যেসব নিউ ইয়র্কবাসীরা কারাদণ্ড ভোগ করেছেন, তাদের সার্টিফিকেটস অফ ডিসচার্জ ফর গুড কন্ডাক্ট এবং রিলিফ ফ্রম ডিজেবিলিটিজ (Certificates of Discharge for Good Conduct and Relief from Disabilities) আরো দ্রুত পাওয়ার সুযোগ বৃদ্ধি পেলো, যা তাদের উৎপাদনশীল নাগরিক হতে সাহায্য করবে এবং রেড টেপ হ্রাস করে ও করদাতার অর্থ বাঁচিয়ে সমাজে অবদান রাখবে।"

বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিল অফ গ্রেটার নিউ ইয়র্কের (Building and Construction Trades Council of Greater New York) প্রেসিডেন্ট গ্যারি লাবারবারা বলেন, "নিউ ইয়র্কবাসীদের কাজ করার সুযোগ পাওয়া এবং খারাপ শ্রম অবস্থা ও প্যারোল লঙ্ঘনের ঝুঁকি ছাড়াই নিজের পরিবারের জন্য উপার্জন করার অধিকার রয়েছে। , এবং এই বিলগুলি আমাদের ক্রিমিনাল জাস্টিস সিস্টেমকে প্রাক্তন কারাবন্দীদের জন্য আরো ন্যায্য করবে। খেটে খাওয়া মানুষের পরিবারের জন্য বোনা ফাইড কাজ ও রাতের শিফটের কাজ আয়ের একটি অতি গুরুত্বপূর্ণ উৎস হতে পারে, এবং প্রাক্তন কারাবন্দী নিউ ইয়র্কবাসীরা সকলের জন্য যথাযথ শ্রম অবস্থার এই নিয়মের ব্যতিক্রম নয়। আমি এই দুইটি বিল সমর্থন করতে পেরে গর্বিত এবং এদের আইন হিসেবে স্বাক্ষর করার জন্য গভর্নর হোকলকে ধন্যবাদ জানাচ্ছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন